



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর, ডাক ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০
জনসংযোগ ও কল্যাণ শাখা
www.bdpost.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩১.০০০০.০০০.০৩০.০৯.০০০২.২৬.১৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মহান জাতীয় সংসদের কাজে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান।

সূত্র: স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০০.০০১.০৯.০০০২.২০.২৮১; ২৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০/০৪/২০২৬ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয়ের সাথে উক্ত বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কাউন্সিল অফিসার ও কাউন্সিল সহকারীদের এক মতবিনিময় সভা হয়েছে। উক্ত সভায় সচিব মহোদয় মহান জাতীয় সংসদের কাজের বিভিন্ন প্রক্রিয়া, সংসদের প্রশ্নোত্তর প্রণয়নসহ সংসদের কাজের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা কিংবা প্রশ্নোত্তর প্রণয়ন ও প্রেরণে কোনো ধরণের বিলম্ব করা যাবেনা মর্মে নিম্নোক্ত নির্দেশনা বিষয়গুলো অনুসরণ করার নির্দেশনা প্রদান করেছেন:

১. উত্তর ইউনিকোড নিকশ ফন্ট এ হতে হবে; ২. উত্তর চলিত ও সাবলীল ভাষায় যথাযথ, সংক্ষিপ্ত ও স্বয়ংসম্পূর্ণ হতে হবে; ৩. প্রশ্ন অনুযায়ী টু দ্যা পয়েন্টে উত্তর হতে হবে; ৪. সংক্ষিপ্ত শব্দের পূর্ণরূপ উল্লেখ করতে হবে; ৫. পরিসংখ্যানগত বিষয়ে সঠিকভাবে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে; ৬. শব্দের বানান ও বাক্য সঠিক ও নির্ভুল হতে হবে। বাক্যে অর্থ পরিষ্কার ও প্রাজ্ঞ হতে হবে; ৭. সংক্ষিপ্ত ইংরেজি শব্দ ইংরেজিতেই উল্লেখ করতে হবে। ইংরেজি শব্দের বানান বাংলায় লেখা যাবে না।

এমতাবস্থায়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সংযুক্ত পত্রের ৭টি নির্দেশনা অনুযায়ী জাতীয় সংসদের প্রশ্নোত্তর (মৌখিক প্রশ্নের ক্ষেত্রে ৫টি করে সম্পূর্ণ প্রশ্নোত্তরসহ) ডাক অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১(এক) পাতা।

২৭-০৪-২০২৬

এস.এম. হারুনুর রশীদ

অতিরিক্ত মহাপরিচালক (হিসাব ও সংস্থাপন) ও

কাউন্সিল অফিসার

ফোন : ০২-৫৮১৬০৭০৪

ইমেইল : haroon.rashid@bdpost.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।
- ২। সকল পরিচালক, ডাক অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।
- ৩। সকল ডেপুটি পোস্টমাস্টার জেনারেল/সমমান (গ্রেড-৬) সংযুক্ত ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সকল শাখা কর্মকর্তা, ডাক অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।
- ৬। সকল হিসাবরক্ষণ কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৭। পিএস টু মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডাক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।